

B.Ed. 3rd Semester Examination, 2022**Pedagogy of Language : Bengali****Course : 1.3.7B (Part-II)****Time: 1 ½ Hours****Full Marks : 35**

*The figures in the right-hand margin indicate marks.
Candidates are required to give their answer in their own words
as far as practicable.*

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

বিভাগ-ক**(মান : ১০)**

[নীচের প্রশ্নগুলি থেকে **যে-কোনো পাঁচটি** প্রশ্নের উত্তর দিন, প্রতিটি ৫০ শব্দের মধ্যে।] $2 \times 5 = 10$

১. ক) অণুকৃত শিক্ষণ কী?

খ) ভাষা শিক্ষণে শিক্ষা-শিখন সম্পদ তৈরির ধারণাটি বুঝিয়ে দিন।

গ) বাংলা ভাষা ও সাহিত্য শিক্ষণ-শিখন প্রক্রিয়ায় ব্যবহার করা যেতে পারে এমন দুটি অভিধান গ্রন্থের শিরোনাম এবং সেগুলির সংকলকের নাম লিখুন।

ঘ) সমন্বিত শিক্ষণ বলতে কী বোঝেন?

ঙ) শ্রেণী শিক্ষণে শিক্ষক ও শিক্ষার্থীর মিথস্ক্রিয়া বলতে কী বোঝেন?

চ) 'e-book' কি?

ছ) বাংলা ভাষা ও সাহিত্য অনুশীলনে 'দেওয়াল পত্রিকা'র দুটি গুরুত্ব উল্লেখ করুন।

বিভাগ-খ**(মান : ১৫)**

[নীচের প্রশ্নগুলি থেকে **যে-কোনো তিনটি** প্রশ্নের উত্তর দিন, প্রতিটি ১৫০ শব্দের মধ্যে] $5 \times 3 = 15$

২. ষষ্ঠ থেকে নবম শ্রেণির একটি বাংলা পদ্য বা গদ্যের দৃষ্টান্ত সহ শিক্ষণবিদ্যাসম্মত বিশ্লেষণের ধাপগুলির সংক্ষিপ্ত পরিচয় দিন।

৫

[Turn over]

৩. আধুনিক বাংলা ভাষা ও সাহিত্য শিক্ষণে তথ্য-সংযোগ প্রযুক্তি (আই.সি.টি) ব্যবহারের সুবিধাগুলি লিখুন। ৫
৪. শিক্ষামূলক ভ্রমণ কী ভাবে ভাষাশিক্ষায় কার্যকরী ভূমিকা নিতে সক্ষম, সে বিষয়ে আলোকপাত করুন। ৫
৫. সৃজনশীল লিখন অনুশীলনে গল্প লিখনের শর্তসমূহ উল্লেখ করুন। ৫
৬. অনুকৃতি পাঠে প্রশ্নকরণ দক্ষতার উপযোগিতা ও উপাদানগুলির গুরুত্ব আলোচনা করুন। ২+৩=৫

বিভাগ-গ

(মান : ১০)

[নীচের প্রশ্নগুলি থেকে ৩০০ শব্দের মধ্যে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন] $10 \times 1 = 10$

৭. পাঠ্যপুস্তক পর্যালোচনা বলতে কী বোঝেন? মাধ্যমিক বিদ্যালয়স্তরের বাংলা পাঠ্যপুস্তক পর্যালোচনায় মুখ্যত কোন্ কোন্ দিকগুলি বিচার্য তা সূত্রাকারে লিপিবদ্ধ করুন। ২+৮=১০
৮. নিম্নলিখিত বিষয়ে বিশদ আলোচনা করুন:
- ক) এনসাইক্লোপিডিয়া
- খ) অণুশিক্ষণ ৫+৫=১০